



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম। Web : [www.bise-ctg.gov.bd](http://www.bise-ctg.gov.bd)

স্মারক নং-চশিবো/পরী-উমা/কেন্দ্র /১১৮/২০১৫/৫৭৮(২)

তারিখ : ০৯/০৬/২০২৪খ্রি:

এইচএসসি পরীক্ষা ২০২৪-এর ভারপ্রাপ্ত কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভা ও রোল শিটের প্রিন্টআউট বিতরণ প্রসঙ্গে

## বিজ্ঞপ্তি

উপর্যুক্ত বিষয়ে শিক্ষা বোর্ডের আওতাধীন ২০২৪ সালের এইচএসসি পরীক্ষার সম্মানিত ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, এইচএসসি পরীক্ষা ২০২৪ সুষ্ঠু, সুশৃঙ্খল ও ইতিবাচক পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে ভারপ্রাপ্ত কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভা আগামী ২৩/০৬/২০২৪ তারিখ, রবিবার, সকাল ১০.৩০ টায় (রেজিস্ট্রেশন শুরু হবে সকাল ৯.৩০টায়) শিক্ষাবোর্ড ভবনের নবম তলায় সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। যথাসময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, সুষ্ঠু ও সুশৃঙ্খল পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে অনুষ্ঠাতব্য উক্ত মতবিনিময় সভায় ভারপ্রাপ্ত কর্মকর্তাদের উপস্থিতি একান্তভাবে কাম্য। এ-কারণে তাঁর পক্ষে কোনো প্রতিনিধি না পাঠানোর অনুরোধ করা হলো।

উল্লিখিত তারিখে ২০২৪ সালের এইচএসসি পরীক্ষার্থীদের রোল শিটের প্রিন্টআউট কপি ভারপ্রাপ্ত কর্মকর্তা বা তাঁর প্রাধিকারপ্রাপ্ত প্রতিনিধির কাছে অফিস চলাকালীন বিতরণ করা হবে। উক্ত প্রিন্টআউট কপি ৪র্থ তলা ৪০২ নম্বর কক্ষ থেকে গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

এইচএসসি পরীক্ষা ২০২৪-এর পরীক্ষার্থীদের প্রবেশপত্র এবং স্বাক্ষরলিপি সংশ্লিষ্ট কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের মোবাইলে প্রেরিত Username এবং Password ব্যবহার করে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের ওয়েবসাইট ([www.bise-ctg.gov.bd](http://www.bise-ctg.gov.bd)) থেকে ২৩জুন ২০২৪ তারিখ হতে সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, পরীক্ষার্থীদের প্রবেশপত্র A-4 সাইজের ন্যূনতম ১০০ গ্রাম অফসেট কাগজে (রঙ্গিন প্রিন্ট) এবং স্বাক্ষরলিপি লিগ্যাল সাইজের কাগজে প্রিন্ট দিতে হবে।

 ২.৬.২০২৪

(প্রফেসর এ এম এম মুজিবুর রহমান)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,

চট্টগ্রাম

ফোন- ০২৩৩৩৩৩৬৭৬৪


Email : [ce@bise-ctg.gov.bd](mailto:ce@bise-ctg.gov.bd)

প্রাপক:

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা

চট্টগ্রাম শিক্ষাবোর্ডের আওতাধীন

এইচএসসি পরীক্ষা ২০২৪-এর সকল কেন্দ্র।

 ২/৬/২৪